শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

## শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।

ISO 9001:2015 Certified

দূরালাপনী: অফিস- ০৮৩৩২-৫৬৬৪২, অভিযোগ কেন্দ্র ঃ ০৮৩৩২-৫৬৬৬৩, ই-মেইলঃ habigonjpbs@yahoo.com, ওয়েবসাইটঃ www.pbs.habigonj.gov.bd

স্মারক নং-২৭.১২.৩৬৪৪.৫০৫.০১.০০৫.০২২. ৯৮০২

তারিখঃ- ২৭ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
১০ মে ২০২২ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত শূন্য পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্ত আগ্রহী বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | পদের সংখ্যা | বয়সসীমা | যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত) | পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী ১৮,৩০০/= হতে ৪৬,২৪০/= এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | ০৪ (চার)টি (কম বেশী হতে পারে) | ১০/০৫/২০২২খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে থাকতে হবে। তবে মুক্তিযুদ্ধা/শহীদ মুক্তিযুদ্ধার সন্তান এর ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের প্রমাণক হিসাবে এস এস সি/সমমানের সনদ বিবেচিত হবে। | ক) এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় নূন্যতম ২য় বিভাগ অথবা সিজিপিএ ন্যূনতম ২.২৫ (৪.০০ এর মধ্যে) অথবা সিজিপিএ ন্যূনতম ২.৫০ (৫.০০ এর মধ্যে) অথবা সমতুল্য থাকতে হবে।<br>খ) বাংলা প্রতি মিনিটে ন্যূনতম ২০(বিশ) শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে ন্যূনতম ৩০(ত্রিশ) শব্দ কম্পিউটারে পরিচালনায় পারদর্শী হতে হবে।<br>গ) ওয়ার্ড প্রসেসিং এ পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে এবং কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে।<br>ঘ) দাপ্তরিক কাজে বাংলা ও ইংরেজী ব্যাকরণের ব্যবহার, বাংলা প্রমিত বানান রীতি, বিরাম চিহ্নের সঠিক প্রয়োগসহ বাক্য গঠনে এবং দাপ্তরিক চিঠিপত্র, প্রতিবেদন প্রস্তুত ও নথিভূক্ত করণে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>ঙ) সম্পাদিত কার্যাদি সুবিন্যস্থ ও পরিষ্কারভাবে উপস্থাপনের দক্ষতা থাকতে হবে।<br>(চ) সুন্দর ও মনোরম কাজ করার ক্ষমতা থাকতে হবে। | বান্দরবন,ব্রাহ্মণবাড়ীয়া, ফরিদপুর,ফেনী, গাইবান্ধা, হবিগঞ্জ, জামালপুর, ঝিনাইদহ,জয়পুরহাট, কিশোরগঞ্জ, লালমনিরহাট, মাগুড়া, মানিকগঞ্জ, মেহেরপুর, , মৌলভীবাজার, ময়মনসিংহ, নওঁগা, নরসিংদী, নাটোর, নেত্রকোণা, সাতক্ষীরা, সুনামগঞ্জ, সিলেট। |
| ০২ | ড্রাইভার | বেতন স্কেল- ১৬,৬০০/= টাকা হতে ৪১,৯৫০/= টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়। | ০২(দুই)টি (কম বেশী হতে পারে) | ১০/০৫/২০২২খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৪৫ বছরের মধ্যে থাকতে হবে। বয়সের প্রমাণক হিসাবে এস এস সি/সমমানের সনদ বিবেচিত হবে। | (ক) প্রার্থীকে সাবলীলভাবে বাংলা লেখা ও পড়ায় এবং ন্যূনতম ইংরেজী শব্দ ও সংখ্যা পড়তে সক্ষম হতে হবে।<br>(খ) সাংকেতিক চিহ্ন বুঝা, প্রতিবেদন ও সময় সূচি পড়ার পর্যাপ্ত সামর্থ থাকতে হবে এবং লগ বই পূরনের সক্ষমতা থাকতে হবে।<br>(গ) প্রার্থীর অবশ্যই বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।<br>(ঘ) সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থা/ বৃহৎ শিল্প/ বানিজ্যিক প্রতিষ্ঠানে নূনতম ০৫(পাঁচ) বছর গাড়ী চালানো ও পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে। যানবাহন পরিচালনায় পারদর্শী হতে হবে।<br>(ঙ) বিগত ০৩(তিন) বছরের মধ্যে বড় ধরণের কোন দুর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।<br>(চ) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, নম্র, সুস্বাস্থ্যের এবং উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | পরীক্ষা সহ অন্যান্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। (জ) প্রার্থীর সুন্দর শারীরিক গঠন ও সুঠাম স্বাস্থ্য থাকতে হবে। পবিস/বাপবিবোর্ডের নিয়োগপ্রাপ্ত রেজিষ্টার ডাক্তার কর্তৃক স্বাস্থ্যগত ও চক্ষু পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ০৩ | অফিস সহায়ক | পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী ১৫,৫০০/= হতে ৩৯,১৭০/= এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | ০৩(তিন) টি (কম বেশী হতে পারে) | ১০/০৫/২০২২খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে থাকতে হবে। তবে মুক্তিযুদ্ধা/শহীদ মুক্তিযুদ্ধার সন্তান এর ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের প্রমাণক হিসাবে এস এস সি/সমমানের সনদ বিবেচিত হবে। | (ক) কমপক্ষে এসএসসি অথবা সমমান পাশ হতে হবে। (খ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। (গ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে। (ঘ) প্রার্থীকে বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে এবং নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে। |

শর্তাবলীঃ-

০১। উল্লেখিত পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণকে হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট (www. pbs. habiganj.gov.bd) হতে অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট (www.reb.gov.bd) A4 সাইজের কাগজে নির্ধারিত আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউন লোড পূর্বক সংগ্রহ করতে হবে (পুরণযোগ্য প্রবেশপত্র)। সংগৃহীত আবেদন ফরম স্ব-হস্তে যথাযথভাবে পূরণ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে অগ্রণী ব্যাংক হতে ১০০.০০ (একশত) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতঃ আগামী ০৯/০৬/২০২২খ্রিঃ অফিস চলাকালীন সময়ের মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজার, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ ঠিকানায় প্রয়োজনীয় কাগজপত্রসহ ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণযোগ্য হবেনা। সাদা কাগজে লিখিত বা সরাসরি টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

**০২। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**

ক) ছবির পিছনে প্রার্থীর নাম লিখা সম্বলিত সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত কপি। (মার্কশীট/প্রশংসা পত্র গ্রহণযোগ্য নয়)
গ) জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি।
ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ / পৌরসভার মেয়র / ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
ঙ) প্রথম শ্রেনীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
চ) অগ্রনী ব্যাংক লিমিটেড এর যে কোন শাখা হতে হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে অগ্রনী ব্যাংক লিমিটেড, শায়েস্তাগঞ্জ শাখার উপর সংগৃহীত ১০০.০০ (একশত) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট।

০৩। ক্রমিক নং ০১ এবং ০৩ এ বর্ণিত পদের প্রার্থীদের ১০/০৫/২০২২খ্রিঃ তারিখ বয়স ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানদের সন্তান এর ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। এক্ষেত্রে প্রার্থীকে আবেদন পত্রের সাথে প্রমাণস্বরূপ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার (সরকারী নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে) সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে। ক্রমিক নং-০২ এ বর্ণিত পদের প্রার্থীগণের বয়স সীমা ১৮ হতে ৪৫ বছর পর্যন্ত হতে হবে।

০৪। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদন পত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে **"প্রযোজ্য নয়"** উল্লেখ করতে হবে।

০৫। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা , জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা নিজ জেলাসহ আবেদন পত্রের প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গাতিপূর্ণ প্রমাণিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৬। প্রার্থীকে অবশ্যই ভদ্র ও প্রফুল্ল চিত্তে জনসাধারণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। উত্তীর্ণ প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য **"অন-প্রবেশনে"**নিয়োগ প্রদান করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/ পবিসের রিটেইনার চিকিৎসক/ নিকট হতে সুস্থতার স্বাস্থ্যগত সার্টিফিকেট (Dope Test রিপোর্টসহ), স্বীকৃত চক্ষু বিশেষজ্ঞের নিকট হতে চোখের সুস্থতার সার্টিফিকেট দাখিল করতে হবে। অন-প্রবেশন কালে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ, বার্ষিক কর্মমূল্যায়ন,হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে।

০৭। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের কেউ অথবা তাদের স্বামী/স্ত্রী-দের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই। এ সংক্রান্ত যে কোন তথ্যের সত্যতা প্রমাণিত হলে যেকোন সময়ে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৮। প্রতারণামূলক ভাবে স্থায়ী ঠিকানা ভুল দেওয়া হলে অথবা তথ্য গোপন রাখলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১০। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/ পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূর্ণ হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না। উল্লেখ্য যে, নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিধি-বিধান প্রতিপালন সরকারি সর্বশেষ নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করা হবে।

১১। অন্য কোন সংস্থা অথবা কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই। প্রতারণা করে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোন তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।

১৩। **খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।**

১৪। যে কোন পদের জন্য তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।

১৫। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

১৩/৩/২২

(মোঃ মোতাহার হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়। (সদয় অবগতির জন্য)**

০১। নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
০২। পরিচালক (প্রশাসন), পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
০৩। পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
০৪। আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট জোন।
০৬। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
০৭। পুলিশ সুপার, হবিগঞ্জ।
০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার সকল পবিস।
০৯। একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
১০। ডিজিএম নোয়াপাড়া/নবীগঞ্জ/বানিয়াচং/চুনারুঘাট/লাখাই / সদর কারিগরী, হবিগঞ্জ পবিস।
১১। এজিএম (ইএন্ডসি / ওএন্ডএম / পিএন্ডএম /প্রশাসন/ এইচআর/অর্থ-হিসাব/ অর্থ-রাজস্ব/ সদস্য সেবা), হবিগঞ্জ পবিস।
১২। এজিএম (আইটি), হবিগঞ্জ পবিস। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
১৩। এজিএম (ওএন্ডএম), বাহুবল/মাধবপুর/আজমিরীগঞ্জ/ইনাতগঞ্জ সাব-জোনাল অফিস, হবিগঞ্জ পবিস।
১৪। অফিস কপি / মাস্টার কপি।
১৫। নোটিশ বোর্ড, ওয়েব সাইট, হবিগঞ্জ পবিস।

১৩/৩/২২

(মোঃ মোতাহার হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার